



## মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।

কার্যালয়ঃ ৩৪৬/২ ঢোলাদিয়া রোড, কাঠগোলা বাজার, ময়মনসিংহ

ফোনঃ ০৯১-৬৩৩৩৩ (অনুসন্ধান),

E-mail : [chairmanbisemym@gmail.com](mailto:chairmanbisemym@gmail.com),

[www.mymensingheducationboard.gov.bd](http://www.mymensingheducationboard.gov.bd)

নং- মশিবো/ময়মন/কলেজ/২০১৯/ ০২৪৪ (সি, সেক্টর ৬)

তারিখঃ ২৬/০৭/১৯

বিষয় : এডহক কমিটির সভাপতি পরিবর্তন করা প্রসঙ্গে।

সূত্র : তাঁর ০৮/০৫/২০১৯ তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ময়মনসিংহ জেলার ভালুকা উপজেলাধীন “উথুরা উচ্চ বিদ্যালয় ও কলেজ” সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে এডহক কমিটি গঠন করা হয়। এডহক কমিটির সভাপতি হিসেবে মাননীয় জাতীয় সংসদ সদস্য ১৫৬, ময়মনসিংহ-১১(ভালুকা) কাজিম উদ্দিন আহাম্মেদকে বোর্ড কর্তৃক মনোনীত করা হয়। কিন্তু তিনি রাষ্ট্রীয় ও রাজনৈতিক কাজের ব্যস্ততায় উক্ত দায়িত্ব পালন করতে পারছেন না মর্মে বোর্ডে চেয়ারম্যান মহোদয়কে লিখিত ভাবে অবহিত করেছেন (ডিও নং- বা জা স স/১৫৬-ময়মন-১১/১১৯/০৮/০৫/২০১৯ তারিখঃ ০৮/০৫/২০১৯) তাহার পরিবর্তে মাননীয় জাতীয় সংসদ সদস্য মহোদয়ের লিখিত সুপারিশে নব নির্বাচিত ভালুকা উপজেলা পরিষদের চেয়ারম্যান জনাব আলহাজ্ব আবুল কালাম আজাদকে উক্ত প্রতিষ্ঠানের সভাপতি করে অবশিষ্ট মেয়াদে এডহক কমিটি পরিচালনা করার জন্য মতামত দিয়েছেন।

এমতাবস্থায় মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড, ময়মনসিংহ এর স্মারক নং মশিবো/ ময়মন/ কলেজ/ ২০১৯/ ০১৪৮, তারিখঃ ১৮/০২/২০১৯ খ্রিঃ গঠিত এডহক কমিটির সভাপতি হিসেবে জনাব কাজিম উদ্দিন আহাম্মেদ (মাননীয় জাতীয় সংসদ সদস্য ১৫৬, ময়মনসিংহ-১১) এর স্থলে “মোঃ আবুল কালাম” (চেয়ারম্যান ভালুকা উপজেলা পরিষদ) প্রতিস্থাপিত হবে।

চেয়ারম্যানের আদেশক্রমে

স্বাঃ

প্রাপক : অধ্যক্ষ

উথুরা উচ্চ বিদ্যালয় ও কলেজ

(EIN - 111358)

ভালুকা, ময়মনসিংহ।

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ময়মনসিংহ।

মেমো নং ০২৪৪ (সি, সেক্টর ৬)

তারিখঃ

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো

১. উপজেলা নির্বাহী অফিসার, ভালুকা, ময়মনসিংহ।
২. জেলা শিক্ষা অফিসার, ময়মনসিংহ।
৩. সভাপতি, এডহক কমিটি, উথুরা উচ্চ বিদ্যালয় ও কলেজ, ভালুকা, ময়মনসিংহ।
৪. অফিস কপি।

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ময়মনসিংহ।